দৈনিক জনকণ্ঠ

DEC. 29 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক কল্যাণ ট্রাস্টের দলীয়করণ মেনে নেয়া যায় না ॥ শিক্ষক ফেডারেশন

**স্টাফ রিপোর্টার** ॥ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, কল্যাণ ট্রাস্টকে দলীয়করণের বিষয়টি দেশের লাখ লাখ নির্দলীয় শিক্ষক-কর্মচারী সহজভাবে মেনে নিতে পারেননি। তাঁরা বলেন, বিগত সাড়ে চার বছর আওয়ামী লীগের সঙ্গে যাঁরা রাজনৈতিকভাবে ওঠা বসা করেছেন তাঁরা নির্বাচনের আগেভাগে বিএনপি সেজে এখন ফায়দা লুটছেন। ভোল পাল্টিয়ে চারদলীয় জোটের পক্ষে নির্বাচনের আগে বক্তৃতা-বিবৃতি দিয়ে রাজনৈতিক সমর্থন দেয়ার পুরস্কারস্বরূপ কল্যাণ ট্রাস্টের সক্রিয় কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠন করা হয়েছে। কল্যাণ ট্রাস্টের বর্তমান সদস্যসচিব অধ্যক্ষ এম শরীফুল ইসলাম ইতোপূর্বে তিন বছর এই পদে অধিষ্ঠিত থেকে একটি টাকাও শিক্ষকদের হাতে তুলে দিতে পারেননি বলে সম্মেলনে উল্লেখ করা হয়।

বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবে এই সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। ফেডারেশন নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যক্ষ আসাদুল হক, অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, উপাধ্যক্ষ আব্দুর রব মিয়া, উপাধ্যক্ষ নূরুন নবী সিদ্দিকী অধ্যক্ষ বদিউল ইসলাম, অধ্যক্ষ আব্দুর রউফ প্রমুখ।

সম্মেলনে বলা হয়, কল্যাণ ট্রাস্টের স্বপ্নদ্রষ্টা ও প্রতিষ্ঠাতা সংগঠন হিসাবে ফেডারেশন চায় এই ট্রাস্ট চালু থাক।

*(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)*

## শিক্ষক কল্যাণ ট্রাস্টের

*(১২-এর পাতার পর)*

তাই কল্যাণ ট্রাস্টের নতুন কমিটিকে সর্বাত্মক সহযোগিতার অঙ্গীকার করা হয়। পাশাপাশি ফেডারেশনের পক্ষ থেকে অবিলম্বে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতনের শতকরা এক শ' ভাগ প্রদান, পেনশন স্কিম চালু, '৯৭-এর স্কেলে চিকিৎসা ভাতা ও ইনক্রিমেন্ট প্রদানের দাবি জানানো হয়। সম্মেলন থেকে শিক্ষাঙ্গনকে সন্ত্রাস ও দলীয় রাজনীতিমুক্ত করার জন্য রাজনৈতিক ব্যক্তিকে স্কুল, কলেজ ও মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটিতে অন্তর্ভুক্ত না করার জোর দাবি জানানো হয়। এ সময় দাবি করা হয় যে, ফেডারেশনের ১৪ দফা সুপারিশের আলোকে ব্যবস্থা নেয়া হলে শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন সূচিত হবে। নেতৃবৃন্দ বলেন, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের পূর্বাপর অবস্থান একই। কোন্ সরকার ক্ষমতায় অধিষ্ঠিত এবং কার রাজনৈতিক আদর্শ কি– তা বিবেচ্য নয়। শিক্ষার উন্নয়নে এবং শিক্ষকদের অধিকার প্রতিষ্ঠার জন্য ফেডারেশন মতাদর্শ নির্বিশেষে সব সরকারের সঙ্গে কাজ করার নীতিতে বিশ্বাসী। সে ক্ষেত্রে আলোচনার টেবিলে সমাধান না হলে প্রয়োজনে রাজপথে যেতে ফেডারেশনের শিক্ষকরা কুণ্ঠাবোধ করবে না।